**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 16-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : S. Basu**
**DEO : KB** **NR : S. Basu**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকদের ওপর পুলিশের লাঠি, আহত ও রক্তাক্ত অনেকে। # আজ 'ধিক্কার দিবস' সহ একাধিক কর্মসূচী পালন করবে শিক্ষক সংগঠনগুলি।

২/ আন্দোলনরত চাকরীহারা শিক্ষকদের ওপর পুলিশী নির্যাতনের বিরোধী দলগুলি তীব্র নিন্দা করেছে ।

৩/ 'অপারেশন সিন্দুর'-এর সাফল্য উদ্‌যাপনে রাজ্যে আজ বিজেপির 'তিরঙ্গা যাত্রা'।

# শহীদ সেনানীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে রাজ্য বিধানসভায় আনা হচ্ছে প্রস্তাব।

৪/ ২০২১ সালের বিধানসভা নির্বাচনে ব্যাপক হিংসার ঘটনায় আক্রান্তদের দ্রুত ক্ষতিপূরণ মিটিয়ে দেওয়ার মৌখিক নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ একই নম্বরে একাধিক কার্ডের অস্বিস্ত থাকায়, রাজ্যের প্রায় ৮ হাজার ভোটার কার্ড বা এপিক বাতিল করেছে নির্বাচন কমিশন।

৬/ রাজ্যের বিভিন্ন জেলায় আজ'ও ঝড় বৃষ্টির পূর্বাভাস।

*******************************************************************

সুপ্রীম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষকদের ‘বিকাশ ভবন অভিযান’ এবং পুলিশের ব্যাপক লাঠিচার্জের ঘটনায় গতকাল সল্টলেকের একাংশ উত্তপ্ত হয়ে ওঠে। অবিলম্বে চাকরি ফিরিয়ে দেওয়া, পরীক্ষায় না বসা সহ একাধিক দাবিতে আন্দোলনরত শিক্ষকরা বিকাশ ভবনে ঢুকতে গেলে দুই পক্ষের মধ্যে প্রথমে বচসা শুরু হয়ে, পরে তা ধ্বস্তাধ্বস্তির আকার নেয়। বিকাশভবনের সামনে বিক্ষোভকারীরা অবরোধ শুরু করলে ভেতরে আটকে পড়েন হাজার খানেক কর্মী, ও অন্যান্য কাজে আসা মানুষজন। সন্ধ্যার পর বাড়ে পুলিশি সক্রিয়তা। বিশাল পুলিশ বাহিনী ঘিরে ফেলে গোটা বিকাশ ভবন চত্বর। বেধড়ক লাঠিচার্জ করে খালি করে দেওয়া হয় ভবনটির বিভিন্ন দরজা।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি- সুমন মুখার্জি )

এর আগে দুপুরেও স্থানীয় তৃণমূল নেতা তথা সল্টলেক পুরসভার চেয়ারম্যান সব্যসাচী দত্তের অনুগামীদের সঙ্গে আন্দোলনরত চাকরিহারাদের বচসা হয়। বেশ কয়েকজন বিক্ষোভকারীকে মারধোর করা হয় বলেও অভিযোগ। সব্যসাচী দত্তকে পড়তে হয় ব্যপক বিক্ষোভের মুখে।

*********************

‘বিকাশ ভবন ঘেরাও’ অভিযানে পুলিশি নির্যাতনের প্রতিবাদে আজ ধিক্কার দিবস পালনের ডাক দিয়েছেন চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকারা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে তাঁদের সঙ্গে এসে কথা বলতে হবে বলে দাবি আন্দোলনকারীদের। তাঁদের অভিযোগ, পুলিশের বেধড়ক লাঠিচার্জে বহু শিক্ষক শিক্ষিকা ও শিক্ষাকর্মী রক্তাক্ত হয়েছেন। কারো মাথা ফেটেছে, কারো হাত, পা ভেঙেছে। একজন শিক্ষক হৃদরোগে আক্রান্ত হয়েছেন বলেও তাঁদের অভিযোগ। শতাধিক শিক্ষক ও শিক্ষাকর্মী আহত হয়ে বিধাননগর স্টেট জেনারেল হাসপাতাল, RG KAR হাসপাতাল, ESI হাসপাতালে ভর্তি হয়েছেন।

পুলিশি নির্যাতনের প্রতিবাদে আজ বিকাশ ভবনের সামনে ধিক্কার দিবস পালন করা হবে বলে জানিয়েছে 'যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ'। এছাড়াও কালো ব্যাজ পরে রাস্তায় প্রতিবাদে নামার ডাক দিয়েছেন তাঁরা। এই কর্মসূচিতে সকলকে সামিল হওয়ার আহ্বান জানিয়েছেন আন্দোলনকারীরা।

( বাইট- মেহবুব আলম )

*********************

বিজেপি আন্দোলনরতদের উপর হামলার তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার** এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, চাকরি হারাদের শান্তিপূর্ণ বিক্ষোভে অংশগ্রহণকারীদের ওপর দুষ্কৃতীরা নৃশংসভাবে আক্রমণ চালিয়েছে। ঘটনাস্থলে উপস্থিত সাংবাদিকরাও রেহাই পাননি। এ বিষয়ে পুলিসের ভূমিকা অত্যন্ত লজ্জাজনক বলেও উল্লেখ করেন তিনি। শ্রী মজুমদার বলেন, রাজ্যে মুখ্যমন্ত্রীর শাসনকালে গণতন্ত্র, মত প্রকাশের স্বাধীনতা এবং আইনের শাসন ক্রমাগত পদদলিত হচ্ছে।

দলের মুখপাত্র তথা রাজ্যসভার সাংসদ **শমীক ভট্টাচার্য্য** সাংবাদিকদের কাছে বলেন, তৃণমূলের শাসনে রাজ্যে মেধা প্রতারিত হয়েছে।

( বাইট- শমীক )

অন্যদিকে বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী, অবিলম্বে সব ভিডিও ফুটেজ দেখে দুষ্কৃতিদের গ্রেফতার ও শাস্তির জন্য তিনি কলকাতা পুলিশের কাছে আর্জি জানিয়েছেন। পাশাপাশি কলকাতা প্রেস ক্লাবের নীরবতা নিয়েও সরব হন তিনি।

চাকরি ফিরিয়ে দেওয়ার দাবিতে বিকাশ ভবন ঘেরাও আন্দোলনে লাঠির ঘায়ে আহত চাকরিহারা শিক্ষকদের সঙ্গে রাতেই দেখা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি **শুভঙ্কর সরকার**। বিধাননগর স্টেট জেনারেল হাসপাতালে গিয়ে আহতদের শারীরিক অবস্থার খোঁজখবর নেন তিনি। দল চাকরিহারা শিক্ষকদের পাশে রয়েছে বলে জানিয়েছেন শুভঙ্কর বাবু। বিকাশ ভবনের সামনে শিক্ষকদের উপর লাঠিচার্জের ঘটনার তীব্র নিন্দা করে SUCI **(কমিউনিস্ট)** আজ প্রতিবাদ দিবস পালনের আহ্বান জানিয়েছে। **বাম ছাত্র যুব** সংগঠনগুলি আজ কলকাতার বাঘাযতীন থেকে গড়িয়া পর্যন্ত প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে।

এদিকে শিক্ষক শিক্ষিকাদের উপর নির্মমভাবে লাঠিচার্জ করার ঘটনায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে চিঠি দিয়েছেন হাইকোর্টের এক আইনজীবী। বিধাননগর পুলিশ কমিশনারেটের অতিসক্রিতার বিরুদ্ধে আদালতের স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করার আর্জি জানিয়েছেন তিনি।

**********************

‘অপারেশন সিন্দুর’-এর সাফল্য উদযাপনে বিজেপি আজ তিরঙ্গা যাত্রা করবে। বিকেলে কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজারে নেতাজি মূর্তির পাদদেশ পর্যন্ত জাতীয় পতাকা হাতে নিয়ে এবং ভারতীয় সেনাকে স্যালুট জানিয়ে এই পদযাত্রা হবে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ছাড়াও দলের সাংসদ ও বিধায়করা এই পদযাত্রায় অংশ নেবেন। রাজ্য বিজেপির তরফে পদযাত্রার আয়োজন করা হলেও সমাজের সর্বস্তরের রাষ্ট্রবাদী মানুষকে এই পদযাত্রায় সামিল হওয়ার আমন্ত্রণ জানানো হয়েছে।

**********************

পাকিস্তানের সঙ্গে সাম্প্রতিক সামরিক সংঘাতে নিহত শহিদ সেনানীদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও লড়াকু জওয়ানদের ধন্যবাদ জানাতে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামীমাসের ৯ তারিখ নাগাদ বিধানসভার পরবর্তী অধিবেশন শুরু হতে পারে। ওই অধিবেশনেই এই মর্মে প্রস্তাব আনা হবে। এর পাশাপাশি রাজ্যপালের পাঠানো রাজ্য সংখ্যালঘু কমিশন আইনের একটি সংশোধনী সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিলের উপরেও অধিবেশনে আলোচনা হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন।

**********************

২০২১ সালে রাজ্যে বিধানসভা নির্বাচনে ব্যপক হিংসার ঘটনায় আক্রান্তদের ক্ষতিপূরণের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যকে ‘মৌখিক নির্দেশ’ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ভোট পরবর্তী হিংসা নিয়ে কলকাতা হাইকোর্টে একাধিক মামলা দায়ের হয়। তৎকালীন প্রধান বিচারপতি রাজেশ বিন্দালের বেঞ্চ সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার পাশাপাশি রাজ্যকে হিংসায় আক্রান্তদের পাননি বলে আদালতে অভিযোগ করেন আইনজীবী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। আইনজীবীদের বক্তব্য শোনার পর বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ রাজ্যের অর্থ সচিব এবং আইনি সহায়তা কেন্দ্রের সচিবকে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে সমাধানসূত্র খোঁজার জন্য মৌখিক নির্দেশ দিয়েছেন।

**********************

একই নম্বরে একাধিক কার্ডের অস্তিত্ব থাকায় রাজ্যের প্রায় ৮ হাজার ভোটার কার্ড বা এপিক বাতিল করেছে নির্বাচন কমিশন। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, রাজ্যে প্রায় আড়াই লক্ষ এপিক কার্ড নিয়ে অভিযোগ উঠেছিল। সেগুলি খতিয়ে দেখার পর ৩২ হাজার কার্ড নিয়ে অনুসন্ধান করা হয়। তার মধ্যে ৭ হাজার ৮০০টি কার্ড ডুপ্লিকেট হওয়ায় সেগুলি বাতিল করা হয়েছে।

*********************

রাজ্যের উত্তরের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারী বর্ষণের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। **উত্তরবঙ্গের** দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি হয়েছে।

এদিকে গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকলেও, দক্ষিণবঙ্গের একাধিক জেলাতেও আজ বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৮’ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*********************

উত্তর সিকিমের লাচুং-এ ধস নেমে চুংথাং যাওয়ার প্রধান রাস্তায় একাধিক এলাকা অবরুদ্ধ হয়ে পড়েছে। টানা বৃষ্টির জেরে লাচুং -এর রাস্তায় গাছ ও পাথর ভেঙে পড়ে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ স্তব্ধ হয়ে যায়। ক্ষতিগ্রস্ত বেশ কিছু বাড়িঘর ও যানবাহন। এখনও পর্যন্ত কোনও প্রাণহানির খবর না মিললেও, ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

*********************

নদীয়ার শান্তিপুরের ১০ নম্বর ওয়ার্ডের সুত্রাগড়ের উত্তর দাসপাড়ার মুচিপাড়া লেনে বজ্রাঘাতে দুজনের মৃত্যু হয়েছে, আহত তিনজন।

মৃত কাশীনাথ দাস ও বুবাই ঘোষ, স্থানীয় বাসিন্দা বলে জানা গেছে। বৃষ্টির সময় তাঁরা একটি গাছের নীচে আশ্রয় নিয়েছিলেন। আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

*********************

ইস্টবেঙ্গল, J C মুখার্জী ট্রফি T-20 ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। কলকাতায় গতকাল প্রি-কোয়ার্টার ফাইনালে ইস্টবেঙ্গল ১২৬ রানে স্পোর্টিং ইউনিয়নকে হারিয়ে দিয়েছে।

*************************************************************